



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (অংশ-১)/৯৩

তারিখ: ১৭/০৪/২০২৫ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র HSP-MIS এ ভুল তথ্য প্রদানের কারণে ইউজার/শিক্ষা প্রতিষ্ঠান নিষ্ক্রিয় এবং লক হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচি হতে নির্বাচিত সুবিধাভোগী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফিসহ অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে HSP-MIS সফটওয়্যার ব্যবহার করা হয়। বর্তমানে HSP-MIS এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের একাদশ ও সমমান এবং মাধ্যমিক পর্যায়ে ২০২৫ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে) ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে তথ্য এন্ট্রি কার্যক্রম চলমান আছে।

০২। সম্প্রতি HSP-MIS সফটওয়্যারের নিরাপত্তা রক্ষা এবং শিক্ষা প্রতিষ্ঠান হতে HSP-MIS সফটওয়্যার ব্যবহার করার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে OTP (One-Time Password) সিস্টেম সংযোজন করা হয়। ফলে HSP-MIS সফটওয়্যারে লগইন করার সময় প্রতিবার সংশ্লিষ্ট ইউজারের HSP-MIS সফটওয়্যারে শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইলে প্রদত্ত/এন্ট্রিকৃত মোবাইল নম্বরে প্রেরিত OTP এর মাধ্যমে ভেরিফিকেশন নিশ্চিত করতে হবে।

০৩। HSP-MIS সফটওয়্যারের ৫ (পাঁচ) বারের বেশি ভুল পাসওয়ার্ড দিয়ে লগইন করার চেষ্টা করলে উক্ত ইউজার স্বয়ংক্রিয় ভাবে 'লক' হয়ে যাবে। লককৃত ইউজার সর্বনিম্ন ১ (এক) ঘণ্টা সময়ের মধ্যে আর লগইন করার চেষ্টা করতে পারবে না। সর্বনিম্ন ১ (এক) ঘণ্টা সময় অতিবাহিত হওয়ার পর পুনরায় সঠিক পাসওয়ার্ড দিয়ে লগইন করতে পারবে।

০৪। এছাড়াও, HSP-MIS সফটওয়্যারে লগইন করার সময় সংশ্লিষ্ট ইউজারের মোবাইল নম্বরে প্রেরিত OTP নম্বর ৫ (পাঁচ) বারের বেশি ভুল প্রদান করে লগইন করার চেষ্টা করলে উক্ত ইউজার স্বয়ংক্রিয় ভাবে নিষ্ক্রিয় হয়ে যাবে। সে ক্ষেত্রে উক্ত ইউজার পরবর্তীতে HSP-MIS এ লগইন করতে পারবে না।

০৫। বর্ণিত অবস্থায়,

(ক) HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে পাসওয়ার্ড এবং OTP নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো।

(খ) স্কিমভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠান যদি HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে ভুল OTP নম্বর প্রদানের কারণে ইউজার নিষ্ক্রিয় হয়ে যায় সে ক্ষেত্রে উক্ত ইউজার/শিক্ষা প্রতিষ্ঠানকে HSP-MIS এ সক্রিয় করার লক্ষ্যে নিম্নবর্ণিত ছক মোতাবেক তথ্যাদি প্রদান করে জরুরিভিত্তিতে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। আবেদন করার সুবিধার্থে একটি আবেদন ছক এর নমুনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

‘তথ্য ছক’

| Sl. No | District | Upazila/Thana | Name of the Institution | EIIN No/ USER ID | Remarks |
|--------|----------|---------------|-------------------------|------------------|---------|
| | | | | | |

সংযুক্ত: আবেদনের নমুনা কপি ০১ (এক) পাতা।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

HSP File New(25)-67

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর (অতিরিক্ত সচিব), পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৪। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৫। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা (কার্যক্রম মনিটরিং করার জন্য)।
- ০৬। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (কার্যক্রম মনিটরিং ও সমাধানের উদ্যোগ নেয়ার জন্য)।
- ০৭। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (তাৎক্ষণিক ভাবে বর্ণনা মোতাবেক ব্যবস্থা নেয়ার জন্য)।
- ০৮। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

বরাবর

স্কিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ধানমন্ডি, ঢাকা।

মাধ্যম: উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা:, জেলা: ।

বিষয়: HSP-MIS সফটওয়্যারে শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার আইডি নিষ্ক্রিয় থেকে সক্রিয় করা প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরে প্রাপ্ত OTP নম্বর একাধিক বার ভুল প্রদান করার কারণে ইউজার আইডি নিষ্ক্রিয় হয়ে যাওয়ায় ইউজার আইডি সক্রিয় করার লক্ষ্যে তথ্য প্রেরণ করা হলো:-

| Sl. No | District | Upazila/Thana | Name of the Institution | EIIN No/ USER ID | Remarks |
|--------|----------|---------------|-------------------------|------------------|---------|
| | | | | | |

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর
নাম ও পদবীযুক্ত সীল

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশ
স্বাক্ষর, তারিখ ও সীল